

বারি পরিদর্শনে ফিলিস্তিনের প্রতিনিধি দল

গাজীপুর প্রতিনিধি

ফিলিস্তিনের উচ্চ পর্যায়ের একটি প্রতিনিধি দল মঙ্গলবার বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউট (বারি) পরিদর্শন করেছে। পাঁচ সদস্যের এ প্রতিনিধি দলে ছিলেন প্যালেস্টিনিয়ান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির (পিকা) মহাপরিচালক ইমাদ এমএম জুহাইরি, পিকার বাংলাদেশ বিষয়ক প্রধান ইহসান এসকে আবুল রব, কৃষি বিশেষজ্ঞ ইমাদ কেএন যানামেহ, কৃষি বিশেষজ্ঞ আলী এএ আলকাম এবং ঢাকাস্থ ফিলিস্তিন দূতাবাসের প্রতিনিধি নূর এইচ ও আলাইদি।

প্রতিনিধি দল বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউটের সদর দফতরের সামনে এসে পৌঁছেলে তাদের স্বাগত জানান ইন্সটিটিউটের মহাপরিচালক ড. আবুল কালাম আযাদ। পরে তিনি মহাপরিচালকের সভাকক্ষে সংক্ষিপ্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন এবং ইন্সটিটিউটের বিভিন্ন কার্যক্রম, অগ্রগতি ও সাফল্য প্রতিনিধি দলের কাছে তুলে ধরেন।

অপর দিকে ফিলিস্তিনের কৃষির বিভিন্ন দিক তুলে ধরেন পিকার মহাপরিচালক ইমাদ এমএম জুহাইরি। এ সময় প্রতিনিধিরা দুই দেশের কৃষিসংশ্লিষ্ট বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন এবং পারস্পরিক সহযোগিতা বৃদ্ধির বিষয়ে একমত প্রকাশ করেন।

